# ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল এর বার্ষিক পরীক্ষার ফলাফল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০২৫ অনুষ্ঠিত

অদ্য ১৮ ডিসেম্বর ২০২৫, রোজ বৃহস্পতিবার ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্লে থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষনা করেন স্কুলের প্রধান শিক্ষক, রতন পিটার গমেজ।




অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা ক্রেডিটের মার্কেটিং এন্ড প্রজেক্ট ডিপার্টমেন্টের চীফ অফিসার মিসেস সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন।






ফলাফল বিতরণ সকাল ৮:৩০ মিনিটে শুরু হয়ে ১:৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হয়। প্রথম পর্যায়ে প্লে থেকে কেজি, দ্বিতীয় পর্যায়ে প্রথম থেকে পঞ্চম ও তৃতীয় পর্যায়ে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হয়।





প্রতিটি ক্লাসে শিক্ষার্থীদের মেধা পুরস্কার (১ম,২য়,৩য়) প্রদানের পাশাপাশি বছর ব্যাপী অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানে অংশগ্রহকারীদের পুরস্কারও একই সাথে প্রদান করা হয়।